# [illegible]

[illegible]

[illegible]

[

রাজনীতি করছেন। দলকে কোন্দলের মুখে ঠেলে দিচ্ছেন। জেলা আওয়ামী লীগের একজন সদস্য হিসেবে বলতে পারি, প্রায় তিন বছর কোন মিটিং হয়েছে কিনা জানিনা। এমতাবস্থায় বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী জননেত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ ছাড়া এ কোন্দল মেটানো সম্ভব নয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি রফিকুল ইসলামসহ অন্যান্য নেতৃবন্দ জেলা আওয়ামী লীগের সভাপতি পদ থেকে ফরহাদ হোসেন ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু অপসারণ দাবি করেছেন।

সংবাদ সম্মেলন উপজেলা আওয়ামী লীগ, উপজেলা যুবলীগ, উপজেলা স্বেচ্ছাসেবক লীগ ও চার ইউনিয়নের নেতাকমীর্রা উপস্থিত ছিলেন।

নিরাপত্তার দাবিতে ঝিনাইদহে সাংবাদিকের সংবাদ সম্মেলন

ঝিনাইদহ থেকে প্রকাশিত ‘দুরন্ত প্রকাশ’র সম্পাদক ও ঝিনাইদহ প্রেস ক্লাবের সদস্য মিরাজ জামান রাজের উপর সন্ত্রাসী হামলায় জড়িতদের গ্রেফতার, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত স্বাপেক্ষে বিচারের আওতায় আনা এবং সে ও তার পরিবারের জানমালের নিরাপত্তার দাবীতে সংবাদ সম্মেলন করেছেন।

শুক্রবার বেলা ১১টায় ঝিনাইদহ প্রেস ক্লাব অডিটরিয়ামে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সাংবাদিক মিরাজ জামান রাজ সাংবাদিকদের সামনে লিখিত বক্তব্য পড়ে শুনান। এতে তিনি বলেন, পারিবারিক, ব্যবসায় ও পেশাগত দ্বায়িত্ব পালনের সময় কিছু সামাজিক শত্রু সৃষ্টি হয়েছে এবং যারা বিভিন্ন সময় আমার ও আমার পরিবারের উপর হামলা মামলা করেছে এবং বেশ কয়েকবার আমার প্রাণ নাশের চেষ্টা করা হয়েছে। সর্বশেষ গত ২০নভেম্বর রাত ৯টার দিকে পেশাগত দায়িত্ব পালন শেষে আমি যখন বাড়ী ফিরছিলাম, তখন শহরের পুলিশ লাইনের সামনের রাস্তায় সন্ত্রাসীরা পূর্ব পরিকল্পনা মোতাবেক আমার উপর বর্বরচিত

হামলা চালিয়ে আমাকে গুরুতর আহত করে। তারা আমাকে প্রাণনাশের উদ্দেশ্যে মাথায়, চোখে, হাতে, হাটুতে আঘাত করে পালিয়ে যায়। স্থানীয়রা আমাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে। আমি সেখানে বেশ কয়েকদিন ধরে চিকিৎসা নিয়ে সুস্থ হয়েছি। এই ঘটনাকে ধামা চাপা দেওয়ার জন্য আসামীরা সুকৌশলে লোকমুখে সড়ক দুর্ঘটনা বলে প্রচারের চেষ্ঠা করছে। এ নিয়ে থানায় জিডি এবং ২৯নভেম্বর তারিখে চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে মামলা দায়ের করেছেন তিনি যার নং ঝি, পি-৩২৭/২০ এবং যা থানায় এজাহার হিসেবে রেকর্ড হয়। বর্তমানে মামলা নং ০৩ (ঝি জি আর-৪৯৪/২০)।
তিনি আরও বলেন সাংবাদিকতা ও ব্যবসায়ীক কারণে ২০১৮ সালে আমার প্রতিষ্ঠান দখল করার উদ্দেশ্যে বর্তমান জেলা পরিষদ সদস্য মুস্তাকিম মনিরের নেতৃত্বে দোকানদার মিজানুর মাটি ভরাট করতে গেলে আমি বাধা দিয় তখন তার শ্রমিক কর্মচারী দিয়ে আমাকে প্রচণ্ড মার পিট করে। ততকালীন ঝিনাইদহ আদালতে সন্ত্রাসীদের বিরুদ্ধে একটি মামলা করি যার রায় আগামী ২৮ডিসেম্বর। অনেক চাপ দেওয়ার পরেও মামলাটি তুলে নেইনি বলে সন্ত্রাসীরা আরও বেশী বেপরোয়া হয়ে উঠেছে।

লিখিত বক্তব্যে তিনি আরও বলেন থানায় এজাহার দাখিল হওয়ার পরেও পুলিশ আসামীদের গ্রেফতার না করে উল্টো আমার বাড়িতে মীমাংসা করার প্রস্তাব নিয়ে যাচ্ছে। আমি এ অবস্থায় চরম নিরাপত্তহীনতা বোধ করছি এবং আপনাদের মাধ্যমে দফাই দফাই এই সন্ত্রাসী হামলার কারণ সুষ্ঠু তদন্ত স্বাপেক্ষে উদঘাটন করে দোষীদের গ্রেফতার পূর্বক বিচারের আওতায় আনার দাবি জানায়।

মেহেরপুরে ক্রয়কৃত জমিতে ঘর নির্মানে বাধাঁ দেওয়ার প্রতিবাদে সংবাদ সম্মেলন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুরে ক্রয়কৃত জমিতে ঘর নির্মান করতে গিয়ে প্রতিবেশির বাধাঁ মুখে পড়েছেন শরিফন খাতুন নামের এক

মহিলা।

জমি দখল নেওয়ার দাবিতে শনিবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেছেন তিনি।

সংবাদ মম্মেলনে ভুক্তভোগি শরিফন খাতুন বলেন, আমি গত দুই বছর আগে একই গ্রামের আনছার আলীর ও তার ভাইদের সাথে ৫ কাঠা জমি ক্রয় করি। সেই জমির পাশে আমি বসবাস করে আসছি। এখন আমি ক্রয়কৃত জমিতে ঘর নির্মান করতে গেলে প্রতিবেশি কিবরিয়া বিশ্বাসের ছেলে লিটন, রেন্টু, তাদের ভাগ্নে সজিব ও অপর এক প্রতিবেশি চকলেট ঘর নির্মানে বাধাঁ দেয়। সেই সাথে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ ও মারধর করে। এই ব্যাপারে স্থানীয় ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর কাছে বিচারের দাবি জানালে তিনি বলেন কোর্টে যেতে। এর পর আমি পুলিশকে অভিযোগ করি সেখানেও কোন সুফল পাইনি। আসামীরা ইউপি চেয়ারম্যানের আত্মীয় এবং প্রভাবশালী হওয়ায় কোন জায়গাতেই সুবিচার পাইনি। উল্টো নিজেকেই হুমকির মুখে পড়তে হয়েছে।

এ ব্যাপারে মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর কাছে বিষয়টি জানতে চাইলে তিনি মেহেরপুর প্রতিদিনকে বলেন, যেহেতু জমি জায়গার ব্যাপার তাই আমি তাদের কোর্টে অভিযোগ করার পরামর্শ দিযেছি।

এ বিষয়ে অভিযুক্তদের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তারা কেউই ফোন রিসিভ করেননি।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের চলমান সমস্যা উদঘাটন ও সমাধানে এডভোকেসী প্লানিং সভা অনুষ্ঠিত

মেহেরপুরের বিভিন্ন চলমান সমস্যা তুলে ধরে সমাধান কল্পে এক এডভোকেসী অ্যাকশন প্লানিং সভা গতকাল সোমবার সকাল ১০টার দিকে

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তন অনুষ্ঠিত হয়।

ডেমোক্রেসী ইন্টারন্যাশনাল এর আয়োজনে এ সভায় মেহেরপুর জেলা শহরের চলমান বিভিন্ন সমস্যা তুলে ধরে সমাধানের উপর পরিকল্পনা গ্রহণ করা হয়।
বিশেষ করে মেহেরপুর পৌরসভাধীন এলাকায় শিক্ষা প্রতিষ্ঠান গুলোর সামনে স্প্রীড বেকার না থাকায় প্রায় দুর্ঘটনা ঘটছে, এছাড়া যত্রতত্র অটো ছড়িয়ে-ছিটিয়ে রাখায় ও শহরের মধ্যে আলগামন, করিমন, নছিমন ও পাখিমন নির্র্বিঘ্নে চলাচল করাই যানযট সহ পথ দুর্ঘটনা ঘটছে। এবং কিশোর বয়সী ছেলেরা বেপরোয়াভাবে মোটরবাইক চালিয়ে ছোট ছোট দুর্ঘটনা ঘটিয়ে চলেছে। ফলে এ সমস্যা সমাধানে একটি পরিকল্পনা গ্রহন করা হয়।

অনুষ্ঠানে আলোচনায় অংশ গ্রহণ করেন জেলা মহিলা আওয়ামী লীগের সভানেত্রী শামীম আরা হীরা, সাবেক উপজেলা চেয়ারম্যান এডভোকেট মারুফ আহমেদ বিজন, মহিলা ভাইস চেয়ারম্যান লতিফন নেছা লতা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো: মোমিনুল ইসলাম ও পৌর বিএনপির সভাপতি মো: জাহাঙ্গীর হোসেন।

গভায় রাজনীতিবিদ, সাংবাদিক, জন প্রতিনিধি সহ বিভিন্ন পেশাজীবী গণ অংশ গ্রহন করেন।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন ডেমোক্রেসী ইন্টারন্যাশনাল এর খুলনা অঞ্চলের প্রোগ্রাম অফিসার রুবাইয়াত হাসান ’’।

মেপ্র/আরপি

গাংনীতে জমি উদ্ধারের দাবীতে দখলদারদের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

গাংনীতে দখলকারিদের কাছে থেকে জমি উদ্ধারের দাবীতে সংবাদ সম্মেলন করেছে ধর্মচাকী গ্রামের শাসসুল হুদা গং।

শনিবার সকালে গাংনী প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। অভিযোগ, আদালত থেকে রায় পেলেও দখলদারদের নানা হুমকীতে জমির দখল পাচ্ছেন না তারা। প্রশাসনের সহযোগীতা ও আইনী ব্যবস্থাপনায় জমির মালিকানা ফিরে পেতে চান জমির প্রকৃত মালিকরা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্ত্যব্য পাঠ করেন শামসুল হুদা। এসময় জমির মালিক শামসুল হুদা গং, প্রেসক্লাব সভাপতি রমজান আলী, সাধারণ সম্পাদক মাহাবুব আলমসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।
লিখিত বক্তব্যে শামসুল হুদা জানান, হিজলবাড়ীয় মৌজার ৩৯০ দাগে ২৪.৯০ শতক জমি মেদিনীপুর জমিদার ভুক্ত ছিল। জমিদারী প্রথা বিলুপ্ত হওয়ার পর তৎকালীন পূর্ব পাকিস্তান সরকারের নামে এস.এ খতিয়ান ১ এ ১৪.৯২ শতক জমি রেকর্ড হয়ে যায়।

দেবীপুর গ্রামের মৃত রিয়াজ উদ্দীনের ছেলে মৃত রেকাব উদ্দীন তৎকালীণ সরকারের কাছে খাস জমি বন্দোবস্ত নেয়ার জন্য আবেদন করেন। আবেদন যাচাই বাছই পূর্বক ৪৫ নং মৌজা হিজলবাড়ীয়ার ৩৯০৩ দাগের ১৪.৯২ জমির মধ্যে হইতে ৩৯০৩/১ বাটা একদাগের স্কেস ম্যাপ প্রস্তুত করে একই স্থানে ৫ একর জমি বন্দোবস্ত দেয়। বন্দোবস্তের পর রেকাব উদ্দীন নজির হোসেন, মফেজ উদ্দীন, ফাকের আলী, সাকের আলী, আঃ সাত্তার, সিরাজুলের নিকট বিক্রয় করেন। বাকী জমি আঃ আজিজ গং ও মহাসিন আলীর নিকট বিক্রয় করেন। অবশিষ্ট ০৪ শতক জমি রেকাব উদ্দীন ভোগ দখল করেন।

এদিকে শামসুল হুদার পূর্বাধিকারের জন্য খারিজের জন্য আবেদন করলে প্রতিপক্ষগন আপত্তি দিলে কেসটি উপজেলা ভূমি কর্মকর্তা বাতিলের আদেশ দেনএবং রেকাব উদ্দীনের হোল্ডিং বহাল রাখেন। খারিজ কেসটি বাতিল হওয়ার পর শামসুল হুদা গং ১৯৮৯ সালে দেং-৮৬ নং কেস দাখিল করলে উভয় পক্ষের শুনানীর পর ২৮/১০/১৯৯১ সালে শামসুল হুদার পক্ষে রায় ও বিক্রি হয়।

পরবর্তীতে কথিত ভুমিহীন আঃ লতিব জজ আদালতে আপিল করলে মাননীয় বিচারক তিনটি আপীল একত্রে শুনানীর পর লতিব ও জনৈক শুকুরের আপিলটি মঞ্জুর হয়। এভাবে পরপর পাঁচবার প্রতিপক্ষ ও শামসুল গং উচ্চ আদালতে মামলা করলে উক্ত জমি পরবর্তীতে জনৈক আঃ কাদের ও তহুরা খাতুনকে বন্দোবস্ত দেন ভুমি অফিস। শামসুল হুদা গং উক্ত বন্দোবস্ত বাতিলের বিরুদ্ধে এবং রেকর্ড সংশোধনের জন্য পুনরায় বিজ্ঞ আদালতে দেওয়ানী কেসটি দায়ের করলে তার পক্ষে রায়ঘোষিত হয়।

পরবর্তীতে প্রতিবাদী হিসাবে ৬৪ নং বাংলাদেশ সরকারের পক্ষে ডেপুটি কমিশনার মেহেরপুর ৬৫ নং প্রতিবাদী হিসাবে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস¦) মেহেরপুর এবং ৬৬ নং প্রতিবাদী উপজেলা (রাজস¦) অফিসার গাংনী নিজ নিজ বক্তব্য আদালতে উপস্থাপন করার পরও কিভাবে বিভাগীয় কমিশনার মহোদয় ২০১৮ সালের ০৫ আগষ্ট বিবাদীগন লিটম মাহমুদ কাদের ও তহুরাদেরকে জমির দখল বুঝে দিতে উপজেলা প্রশাসনের পক্ষে সহকারী কমিশনার(ভুমি) দেলোয়ার হোসেনকে নির্দেশ দেন যা আদালতের রায়কে অসম্মান করা হয়েছে বলে দাবী করেন নির্যাতিতরা ।

মেপ্র/আরপি

গাংনী ছাত্রলীগের কমিটি স্থগিত হওয়ায় আনন্দ মিছিল

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের নব গঠিত কমিটিকে স্থগিত ঘোষনা করেছে কেন্দ্রীয় ছাত্রলীগ। শনিবার এ সংক্রান্ত একটি প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় মেহেরপুর জেলা শাখার অন্তর্গত গাংনী উপজেলা ছাত্রলীগের নব গঠিত কমিটির বিরুদ্ধে বিশৃংখলা সৃষ্টির অভিযোগে উক্ত কমিটির সকল কার্যক্রম স্থগিত করা হলো।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয় তাদের অভিযোগের সত্যতা যাচাইয়ে সোহান খান ও আরিফুজ্জামান আল ইমরানকে দিয়ে দুই সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়।

ঐ তদন্ত কমিটিকে আগামী সাত (০৭) কার্য দিবসের মধ্যে সুপারিশসহ তদন্ত প্রতিবেদন কেন্দ্রীয় সেলে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়।

এদিকে নতুন কমিটি স্থগিত হওয়ায় গাংনী উপজেলার পদ বঞ্চিত

ছাত্রলীগের নেতা কর্মীরা তাৎক্ষনিক ভাবে আনন্দ মিছিল বের করে। সন্ধ্যার দিকে মিছিলটি গাংনী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ রেজাউল চত্বরের ট্রাফিক আইল্যান্ডে এক সংক্ষিপ্ত বক্তব্যে নেতা কর্মীরা বলেন, এ কমিটি স্থগিত হওয়ার মধ্যে দিয়ে আমাদের আন্দোলন সফলতার মুখ দেখছে।

নেতা কর্মীরা মনে করেন স্থগিত হওয়া কমিটি যেহেতু রাজাকার পুত্র ও জামায়াত বিএনপি পরিবারের পুত্রকে সভাপতি সাধারণ সম্পাদক করা হয়েছে। সেহেতু আমাদের কেন্দ্রীয় নেতারা ঐ কমিটিকে বিলুপ্ত করে নতুন করে আওয়ামী লীগের পরিবার থেকে নেতা কর্মীদের দিয়ে নতুন কমিটি করার সিদ্ধান্ত দেবেন।

মেপ্র/ আরপি

জালনোট প্রতিরোধে মেহেরপুরে সচেতনতা মূলক কর্মশালা

বাংলাদেশ ব্যাংকের আয়োজিত জালনোট প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিমূলক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় মেহেরপুরের গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

বিশেষ অতিথি ছিলেন, বাংলাদেশ ব্যাংকের খুলনা বিভাগীয় উপ মহাব্যবস্থাপক মোঃ আলাউদ্দীন হোসেন ও গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম।

মেপ্র/ আরপি

হরিণাকুণ্ডুতে আইন শৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাস, নারী ও শিশু নির্যাতন বিষয়ে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। গত সোমবার হরিণাকুণ্ডু উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, ভুমি কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, হরিনাকুন্ডু থানা অফিসার ইনচার্জ আছাদুজ্জামান, ভাইস চেয়ারম্যান, শহিদুল ইসলাম (শিলু), কৃষি অফিসার আরশেদ আলী চৌধুরী, সমাজসেবা অফিসার মোহাম্মদ হোসেন খাঁন, উপজেলা পঃপঃ কর্মকর্তা ডা. জামিনুর রশিদ সহ বিভিন্ন দপ্তর প্রধান, ফলসী ইউপি চেয়ারম্যার ফজলুর রহমান সহ বিভিন্ন ইউপি চেয়ারম্যান বৃন্দ, প্রেসক্লাব সভাপতি এম.সাইফুজ্জামান তাজু প্রমুখ।

অনুষ্ঠানে আলোচকবৃন্দ বলেন, সমাজ থেকে মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও নারী ও শিশু নির্যাতন, বাল্যবিবাহের বিরুদ্ধে একাত্বকতা ঘোষণা করেন এবং উপস্থিত সকলে এমন অপরাধ কে না বলি এই মর্মে অঙ্গীকার করেন।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে ইউপি চেয়ারম্যানের সংবাদ সম্মেলন

ঝিনাইদহ সদর উপজেলার ৪নং হলিধানী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান মতির বিরুদ্ধে ফেসবুক, অনলাইন পত্রিকাসহ বিভিন্ন সামাজিক মাধ্যমে তথ্য বিভ্রান্ত করে মিথ্যা অপপ্রচার রটানোর বিরুদ্ধে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে ইউনিয়ন পরিষদ সম্মেলন কক্ষে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে লিখিত বক্তব্যপাঠ করেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান।

লিখিত বক্তব্যে তিনি জানান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অবর্তমানে বিধিমোতাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে ১৭ডিসেম্বর ২০১৯ তারিখ থেকে দায়িত্ব পালন করে আসছি কিন্তু ঈর্ষানিত হয়ে ইউনিয়নের নাটাবাড়ীয়া গ্রামের বাল্লক মন্ডল, বিল্লাল ও শাহীন সরকারী বিভিন্ন অফিসে আমার নামে মিথ্যা অভিযোগ দাখিল করছে এবং উদ্দ্যেশ প্রণোদিত ভাবে আমার বিরুদ্ধে বিভিন্ন মিডিয়ার সাংবাদিকদের নিকট মিথ্যা তথ্যদিয়ে বিভ্রান্তি মূলক সংবাদ প্রচার করছেন যা সম্পর্ন মিথ্যা ভিত্তিহীন। তিনি আরও বলেন আমি কোন নিয়ম বহির্ভূত কাজের সাথে সম্পৃক্ত নয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ইউনিয়নের সচিব শহিদুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল আজিজ, ইউপি মেম্বর কবির হোসেন, তাইজুল ইসলাম, আবুল হোসেন, আঃ রাজ্জাক, শরিফুল ইসলাম, আমির হোসেন, খলিলুর রহমান, সংরক্ষিত মহিলা আসনের ইউপি সদস্য হালিমা খাতুন,ছামছুন্নাহার ও পারুলা খাতুনসহ এলাকাবাসী।

মেপ্র/আরএম

আরো পড়ুন:
গাংনী ইউএনও কার্যালয় ও পৌরসভার বিদ্যুৎ বিল বাকি ৩০ লাখ টাকা

মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের ৩০ তম প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে সংবাদ সম্মেলন

মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের ৩০ তম প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে মেহেরপুরে সংবাদ সম্মেলন করা হয়েছে। মঙ্গলবার বিকালে মেহেরপুর শহরের বোসপাড়ায় অবস্থিত জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে।

সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের উপরিদর্শক শাহজালাল খান। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান।

অন্যদের মধ্যে বক্তব্য দেন কোর্ট ইন্সপেক্টর আব্দুল ওহাব, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু। ৩০ তম প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে সপ্তাহব্যাপী নানা অন্যষ্ঠানের আয়োজন করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর।

আগামী ২ জানুয়ারী থেকে ৭ জানুয়ারী পর্যন্ত চলবে নানা কর্মসূচি। সপ্তাব্যাপী অনুষ্ঠান মালার মধ্যে রয়েছে, ২ তারিখ র্যালী, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন, আলোচনা সভা, ওপেন ডে, আলোক সজ্জিতকরন,

৩ তারিখ জুমার নামাযের খুতবায় মাদক সম্পর্কে বয়ান, ৪ তারিখ শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধি আলোচনা ও শপথ বাক্য পাঠ, ৫ তারিখ মাদক বিরোধী সর্টফ্লিম প্রদর্শন,

৬ তারিখ যানবাহন ও পাবলিক প্লেসে মাদক বিরোধী স্টিকার লাগানো, ৭ তারিখ স্টেক হোল্ডারদের নিয়ে সপ্তাব্যাপী আয়োজনের সমাপ্তি।

- নিজস্ব প্রতিনিধি